দৈনিক
ইত্তেফাক

তারিখ 20 DEC 2017
পৃষ্ঠা ... কলাম ...

# বাগেরহাটে বিদ্যালয়ের জমি দখলের প্রতিবাদ

■ বাগেরহাট প্রতিনিধি

বাগেরহাট সদর উপজেলার চাঁপাতলা সরকারি প্রাথমিক বিদ্যালয়ের জমি দখল ও শিক্ষককে লাঞ্ছিত করার প্রতিবাদে মানববন্ধন কর্মসূচি পালন করা হয়েছে। মঙ্গলবার দুপুরে এলাকাবাসি, শিক্ষার্থী ও অভিভাবকরা বিদ্যালয়ের সামনের রাস্তায় ঘণ্টাব্যাপী এই মানববন্ধন কর্মসূচি পালন করে।

মানববন্ধনে অন্যদের মধ্যে বক্তব্য রাখেন, বিষ্ণুপুর ইউপি চেয়ারম্যান অ্যাড. শংকর দেবনাথ, যাত্রাপুর ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি বেগ ইমদাদুল হক বাচ্চু, যাত্রাপুর ইউনিয়ন মুক্তিযোদ্ধা কমান্ডার আলতাফ হোসেন মোল্লা, বিদ্যালয়ের প্রধান শিক্ষক শেখ আব্দুল গনি, সহকারী শিক্ষক হাবিবুর রহমান, বুলু রানী দাস, বিদ্যালয়ের পরিচালনা পর্ষদের সদস্য আবুল হোসেন মল্লিক, লক্ষ্মী রানী গোলদার প্রমুখ।

বক্তারা বলেন, মহান বিজয় দিবসের দিন স্থানীয় জোহর আলী মল্লিক ও তার সহযোগীরা চাঁপাতলা সরকারি প্রাথমিক বিদ্যালয়ের জমি দখল করার চেষ্টা করে। এসময় বিদ্যালয়ের শিক্ষক ও পরিচালনা পর্ষদ তাদের বাধা দেয়। এতে ক্ষিপ্ত হয়ে তারা বিদ্যালয়ের সহকারী শিক্ষক হাবিবুর রহমানকে মারধর করে। তাকে উদ্ধার করতে গেলে আরো অনেককে তারা লাঞ্ছিত করে। বিষয়টি বিদ্যালয়ের পরিচালনা পর্ষদ জেলা প্রশাসকসহ প্রশাসনের উর্ধ্বতন কর্তৃপক্ষকে লিখিতভাবে জানায়। কিন্তু এখনও কোনো প্রতিকার হয়নি। বিদ্যালয়ের জমি দখল ও সহকারী শিক্ষক হাবিবুর রহমানকে শারীরিকভাবে লাঞ্ছিতকারী জোহর আলী মল্লিককে আইনের আওতায় এনে বিচার দাবি করেন।

এবিষয়ে বাগেরহাট সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা নুরুল হাফিজ জানান, ঘটনাটি জানার পর সেখানে বিষ্ণুপুর ইউপি চেয়ারম্যানকে পাঠিয়েছি।